কালের কণ্ঠ

তারিখ 29 MAR 2017
পৃষ্ঠা 2 কলাম ৪

# ঢাকা মেডিক্যাল কলেজে সংঘর্ষ, হল বন্ধ ঘোষণা

নিজস্ব প্রতিবেদক ▷

ঢাকা মেডিক্যাল কলেজে সিনিয়র-জুনিয়র দ্বন্দ্বে গতকাল মঙ্গলবার ছাত্রদের মধ্যে দিনভর হামলা-সংঘর্ষ ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। পরিস্থিতি সামাল দিতে ফজলে রাব্বী হল অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে কলেজ কর্তৃপক্ষ। সন্ধ্যা ৭টার মধ্যে ছাত্রদের হল ছাড়ার নির্দেশ দেওয়া হয়। তবে ১৪ বিদেশি শিক্ষার্থী হলে অবস্থান করতে পারবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

সূত্র জানায়, ঢাকা মেডিক্যাল কলেজের বিভিন্ন ব্যাচের ছাত্রদের মধ্যে কিছুদিন ধরে দ্বন্দ্ব চলছিল। গতকাল সকালে ৭৩ ব্যাচের ছাত্র সাঈদের সঙ্গে ৭২ ও ৭৪ ব্যাচের কয়েকজন ছাত্রের ঝগড়া হয়। তারা সাঈদকে মারধর করলে ৭২ ব্যাচের লিমন সাঈদের পক্ষ নেয়। এ নিয়ে তিন ব্যাচের ছাত্রদের মধ্যে দিনভর ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। এরপর বিকেলে তাদের হলে পাঠালে তারা হলে গিয়েও ভাঙচুর চালায়। এ অবস্থায় অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে সন্ধ্যায় কলেজ কর্তৃপক্ষ ফজলে রাব্বী হল বন্ধ ঘোষণা করে ছাত্রদের সন্ধ্যা ৭টার মধ্যে হল ছাড়ার নির্দেশ দেয়। শাহবাগ থানার ওসি আবুল হাসান বলেন, 'তুচ্ছ ঘটনা নিয়ে ছাত্রদের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। আমরা পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা চালাই। তবে বড় ধরনের কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি।'

ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. ইসমাইল খান বলেন, সন্ধ্যায় অনিবার্য কারণবশত জরুরি ভিত্তিতে একাডেমিক কাউন্সিল সভা করে। পরে সদস্যরা ফজলে রাব্বী হল পরিদর্শন করে আপাতত বন্ধ করে সন্ধ্যা ৭টার মধ্যে হল ত্যাগ করার নির্দেশ দেন।